

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
কৃষি অর্থনীতি গবেষণা (এইআর) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতি জরুরী

নং কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৮১৬

তারিখঃ ০১ অক্টোবর ২০০৯

বিষয়ঃ সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ বাস্তবায়ন প্রসঙ্গে

সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর বাস্তবায়ন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য নিম্নবর্ণিত বিষয়ে দৃষ্টি আকর্ষণ ও স্পষ্টীকরণ করা হলো-

১। সাধারণভাবে প্রতি ইউনিয়নে ১জন ডিলার নিয়োজিত থাকবে। পুরাতন ডিলারদের (জেলার বাসিন্দা হতে হবে) ইউনিয়নে সমন্বয়ের পরও যদি কোন ইউনিয়ন শূন্য থাকে শুধুমাত্র সেক্ষেত্রে নতুন ডিলার নিয়োগ কার্যক্রম গ্রহণ করা যাবে (নীতিমালার অনুচ্ছেদ ১৫.২.৯)। নতুন নিয়োগের ক্ষেত্রে শূন্য ইউনিয়নের বিপরীতে শুধুমাত্র ১জন করে ডিলার নিয়োগ করা যাবে।

২। 'নীতিমালা'র অনুচ্ছেদ ১০.২ তে "আইডি কার্ড সংগ্রহের জন্য বিক্রয় কেন্দ্রের অবস্থান ও প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক" আবেদন করার উল্লেখ আছে। বিভিন্ন সূত্র হতে প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, কোথাও কোথাও যে সকল আবেদনকারীর বিক্রয়ের জন্য বিদ্যমান দোকান নাই তাদেরকেও খুচরা সার বিক্রেতা হিসেবে প্রাথমিক বাছাইয়ে অন্তর্ভুক্ত রাখা হয়েছে। খুচরা সার বিক্রেতা হতে ইচ্ছুক আবেদনকারীর নিজস্ব/ভাড়ায় দোকান থাকতে হবে। বিষয়টি উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি নিশ্চিত করবে।

৩। প্রতি ইউনিয়নে খুচরা সার বিক্রেতার (retailer) সংখ্যা প্রয়োজন অনুসারে ৫ (পাঁচ) থেকে ৯ (নয়) জনের মধ্যে সীমাবদ্ধ থাকবে।


৪। কক্সবাজারসহ সমুদ্র উপকূলবর্তী এলাকা ও সীমান্তবর্তী এলাকায় সার পাচারের সম্ভাবনা বিদ্যমান থাকায় খুচরা সার বিক্রেতা (retailer) বাছাই, নিয়োগ বা অনুমোদনের সময় বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।

৫। এক উপজেলার জন্য বরাদ্দকৃত সার অন্য উপজেলায় স্থানান্তর না করা সংক্রান্ত নীতিমালা ১১.৬ অনুচ্ছেদটি গুরুত্বের সাথে প্রতিপালন করতে হবে।

৬। যেহেতু সার উৎপাদনে দেশের মূল্যবান প্রাকৃতিক গ্যাস ও আমদানীতে মূল্যবান বৈদেশিক মুদ্রা ব্যয় হয় এবং সরকারী কোষাগার হতে বিপুল পরিমাণ অর্থ সারে ভর্তুকি প্রদান করা হয়, সেহেতু সার বিতরণ ব্যবস্থায় সরকারী তদারকী অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্যগণ ও নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে কৃষকদের স্বার্থ ও কৃষি উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করার লক্ষ্যে আন্তরিকতা ও দক্ষতার সাথে স্ব স্ব অবস্থান থেকে দায়িত্ব পালন ও সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।

এই নীতিমালার সুষ্ঠু বাস্তবায়নের জন্য আদিষ্ট হয়ে খুচরা বিক্রেতা (retailer) বাছাই প্রক্রিয়ার সময়সীমা ১৫ অক্টোবর ২০০৯ পর্যন্ত বর্ধিত করা হলো এবং বর্ণিত বিষয়াদির আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

এ সংক্রান্ত কোনও বিষয়ে স্পষ্টীকরণের জন্য ফোন নং ৯৫৭০০৪৩ বা ৭১৬৪২৩২ তে যোগাযোগ করা যাবে।


(ছিদ্দিকুর রহমান উপ-সচিব)
উপ-প্রধান
ফোনঃ ৭১৬৪২৩২

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

বিতরণ :

(১) জেলা প্রশাসক

ও

সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল),

(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সংশ্লিষ্ট সকল উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান, পৌরসভার মেয়র ও কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো)

(২) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ

ও

সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি (সকল),

নং কৃষি/এইআর/৫৯৯/২০০৯/৮১৬ (৩৭০)

তারিখঃ ০১ অক্টোবর ২০০৯

অনুলিপিঃ

- (১) মাননীয় সংসদ সদস্য (সকল),, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- (২) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
- (৩) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা
- (৪) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
- (৫) বিভাগীয় কমিশনার (সকল),
- (৬) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ (সকল অঞ্চল),
- (৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
- (৯) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১০) জাতীয় তথ্য ব্যবস্থাপনা পরামর্শক, আইএসইউ প্রকল্প, কৃষি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।



(ছিদ্দিকুর রহমান উপ-সচিব)

উপ-প্রধান

ফোনঃ ৭১৬৪২৩২